Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই শ্রাবণ বুধবার ১৩৬০ ইংরাজী 29th July, 1953 { ১১শ সংখ্যা


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।✓০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ✓০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।






ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. SERVICE



## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

**নূতন বীমা**
**১৬,৩৮,৭৯,২৯৮৲**

মোট চল্‌তি বীমা……………৮৬,৭১,৮৫,০৪০৲
মোট সম্পত্তি……………২২,৪৯,৮৩,০৫৬৲
বীমা ও বিবিধ তহবিল……………১৯,৭৭,৭৬,২৮৭৲
প্রিমিয়ামের আয়……………৩,৯৪,২২,৩৭১৲
দাবী শোধ (১৯৫২)……………৮৮,৮২,২৭১৲

হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৩ই শ্রাবণ বুধবার সন ১৩৬০ সাল

## তদন্ত

"তদন্ত" শব্দ 'তদ্' ( তৎ ) ও 'অন্ত' এই দুই শব্দের সংমিলনে উৎপন্ন। তদন্ত মানে (১) তাহার অন্ত অর্থাৎ শেষ ( ষষ্ঠী তৎ )। (২) স্বরূপ নির্ণয় চেষ্টা, তত্ত্বাবধারণের প্রয়াস। তাহার অন্ত হয় যদ্দ্বারা ( বহুব্রীহি )।

বিবদমান দুই পক্ষের মধ্যে যে পক্ষ নিজেদের অপরাধী বলিয়া জানে, তাহারা ঘটনার সত্য স্বরূপ উদ্‌ঘাটনকে বিপজ্জনক মনে করিয়া সত্যতা যাহাতে লোক লোচনের গোচরীভূত না হয়, তাহারই চেষ্টা করিয়া থাকে। সুতরাং তদন্তকারী ব্যক্তি বা ট্রিবিউনাল নিয়োগের সময় অপরাধী পক্ষ পূর্ব্ব হইতে তাঁবেদার বা এই ব্যাপারের পর চার ফেলিয়া প্রলোভিত ব্যক্তি বা ব্যক্তিগণকে নিয়োগের ব্যবস্থা করিতে যত্নবান হয়।

আমাদের গণতান্ত্রিক সরকারের দ্যোতক চিহ্ন অশোকস্তম্ভের নীচে রাষ্ট্রভাষায় "সত্যমেব জয়তে"। এ হেন স্বাধীন রাষ্ট্রের প্রধান পরিচালক সত্য তথ্য অনুসন্ধানে কেন যে তৎপরতা দেখাইতে সঙ্কোচ বোধ করিয়া কুদৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন, তাহা দেশবাসী অনেকের মনেই সন্দেহের উদ্রেক করিতেছে। দেশের মঙ্গল সাধনের অছিলা করিয়া নানা ব্যাপারে রাজকোষ হইতে কোটি কোটি টাকার আদ্যশ্রাদ্ধে কোনও অপরাধী ব্যক্তির দণ্ডবিধান তো হয়ই নাই, বরং সংশ্লিষ্ট অসাধু রাঘব-বোয়ালদের প্রায় সকলেরই পদোন্নতি হইয়াছে। ডাঃ শ্যামাপ্রসাদের সন্দেহজনক মৃত্যুর ব্যাপারে মায়ের চিঠির যে জবাব প্রধান মন্ত্রী দিয়াছেন, তাহা কাহারও মনঃপুত হয় নাই। কাশ্মীর সরকার ডাঃ শ্যামাপ্রসাদের জন্য যথেষ্ট করিয়াছেন, প্রধান মন্ত্রীর এ কথা যদি সত্য হয়, তবে সত্য ব্যাপার যতই অনুসন্ধান করা হউক না কেন, তাহার গৌরব বৃদ্ধি হইবে। রাষ্ট্রভাষায় বলে "চন্দনকো ঘিঁসনেসে দেত্ রহে সুবাস" অর্থাৎ চন্দনকে যতই ঘর্ষণ করা যাক তাহার ততই সুগন্ধ বাহির হইবে। সারা ভারত যে তদন্ত চায়, তাহাতে পশ্চাৎপদ হওয়াই সন্দেহের কারণ হইয়া পড়ে।

আমাদের পশ্চিম বঙ্গ রাজ্য সরকার ১লা জুলাই হইতে বিলাতী ট্রাম কোম্পানি কর্ত্তৃক ৫ পয়সা ভাড়া বৃদ্ধি লইয়া যে নরহত্যা ও নির্দ্দোষী পীড়ন করিয়া কর্ত্তব্যকর্ম্মেরত সত্য প্রকাশের অগ্রদূত বার্ত্তাজীবীদের নির্ম্মমভাবে ঠেঙাইয়া সারা জগতের ধিক্কার সূচক "ছ্যা ছ্যা" শব্দ শুনিবার হকদার হইয়া দিশাহারার মত কলিকাতায় প্রযুক্ত ১৪৪ ধারা প্রত্যাহার করিতে বাধ্য হইয়া, ধৃত ব্যক্তিদের ক্রমে ক্রমে মুক্তি দিতেছেন। তদন্তের জন্য হাইকোর্টের ভূতপূর্ব্ব জজকে নিয়োগের ব্যবস্থা করি কি করি না বলিয়া ইতস্ততঃ করিতেছেন। প্রতিরোধ কমিটির নেতাদেরও সরকারী কেরাণীখানায় যাতায়াত করিতেও দেখা যাইতেছে। আমাদের মনে হয় অস্থায়ী প্রবল প্রতাপ উজীরগণ স্থায়ী প্রধান উজীর না আসা পর্য্যন্ত ধানাই পানাই করিয়া কাটাইয়া তিনি আসিলে যাহা হয় করিবেন ভাবিয়া তাঁহার আগমনের ও তদন্তের পূর্ব্বে দন্ত খিঁচুনির দ্বারা সম্বর্দ্ধিত হইবার অপেক্ষা করিতেছেন।

আমরা নেতাদের বিড়লা সেল ট্যাক্স ট্রিবিউন, বিশ্ববিদ্যালয় তদন্ত কমিশন, কুচবিহার হত্যা তদন্ত কমিশন, কর্পোরেশন তদন্ত কমিশন প্রভৃতির কথা স্মরণ করিতে অনুরোধ করি। ট্রিবিউন বা তদন্তের ভাঁওতায় যেন লাঠির ঘা ও গুলির আঘাত ভুলিয়া, "আগাড়ী লাত, পিছাড়ী বাত" পুলিশের কায়েমী স্বত্ব হইয়া না যায়।

---

## শোক সংবাদ

### পরলোকে সুশীলা সরকার

জঙ্গিপুরের উপকণ্ঠে অবস্থিত জোতকমল গ্রামের শ্রীবিরজাকান্ত সরকার মহাশয়ের আদর্শচরিতা সহধর্ম্মিণী সুশীলা সরকার গত বুধবার অশীতিপর বৃদ্ধ স্বামী, ৫টি পুত্র, ৩টি কন্যা, বহু পৌত্র পৌত্রী, দৌহিত্র, দৌহিত্রী, ও স্বজন রাখিয়া পরলোক গমন করিয়াছেন। দফরপুরের স্বনামধন্য স্বর্গত রায় কিরীটভূষণ দাস বাহাদুর তাঁহার জ্যেষ্ঠ সহোদর ছিলেন। তাঁহার মধ্যম পুত্র শ্রীননীগোপাল সরকার পশ্চিম বাংলা সরকারের অধীনে সাব-ডেপুটি ম্যাজিষ্ট্রেট, তাঁহার তৃতীয় পুত্র জঙ্গিপুর মুন্সেফী আদালতের নাজির। তাঁহার নব্বই বৎসর বয়স্কা মাতা মৃত্যুশয্যায় শায়িতা। স্বামী বিরজা বাবুকে অনেক দিন হইতে পীড়িত দেখিয়া সুশীলা হিন্দু নারীর অবাঞ্ছিত বৈধব্য আশঙ্কা করিয়া ক্রমশঃ স্বাস্থ্যহীনা হইয়া পড়েন। মাতৃভক্ত পুত্রগণ মাতার চিকিৎসার্থ কলিকাতা চিত্তরঞ্জন সেবাসদনে ভর্ত্তি করিয়া দেন। কিছুদিন হইল, রুগ্ন স্বামী ও মরণাপন্না গর্ভধারিণীকে দেখিবার উদ্দেশ্যে মাত্র কয়েক দিনের জন্য বাড়ী আসিয়াছিলেন। আবার কলিকাতায় গেলে চিকিৎসকগণ ব্যাধি দুশ্চিকিৎস্য বলায় যোগীপাড়া লেনে বাসা ভাড়া করিয়া থাকিতে বাধ্য হন। স্বজনগণের নিকট হইতে বহুদূরে থাকিয়া সাধ্বী রমণীর কাম্য শাঁখা সিন্দুর লইয়া কাম্যধামে গমন করিয়াছেন। তাঁহার পিতামাতার রাখা সুশীলা নামের সার্থকতা দেখাইয়া শত্রু মিত্র সকলের মনোরঞ্জন করিয়া দিব্যধামে গমন করিয়াছেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করি।

---

### পরলোকে পার্লামেন্ট সদস্য পণ্ডিত লক্ষ্মীকান্ত মৈত্র

গত ২৫শে জুলাই বেলা ১০টার সময় বাংলার প্রকৃত হিতকামী, "সত্যমেব জয়তে" মহাবাক্যের সাধক, পণ্ডিত লক্ষ্মীকান্ত মৈত্র মহাশয় হৃদ্‌রোগে কৃষ্ণনগরে শেষ নিশ্বাস ত্যাগ করিয়া বাংলা মায়ের ভাঙ্গাবুকে আর একটি শেল হানিয়া গেলেন। পণ্ডিত মৈত্র কংগ্রেসী হইয়াও বাংলার অহিতকর বঙ্গবিদ্বেষী বা হিন্দুবিদ্বেষী কোনও ব্যাপারে কর্ত্তাদের খেয়াল মত "গণ্ডায় আণ্ডা" দিতেন না। আমরা তাঁহার শোকসন্তপ্ত আত্মীয় ও গুণমুগ্ধ ব্যক্তিগণের সহিত সমবেদনা জ্ঞাপন করিয়া তাঁহার আত্মার অক্ষয় শান্তি কামনা করি।

## পরলোকে কৈলাসকামিনী দেবী

জঙ্গিপুরের স্বনামধন্য স্বর্গত উকীল ৺কাঙ্গালচন্দ্র গুপ্ত মহাশয়ের সহধর্ম্মিণী কৈলাসকামিনী দেবী গত রবিবার দিবা সাড়ে ৯টার সময় রঘুনাথগঞ্জ বাটীতে নশ্বর দেহ ত্যগ করিয়া সাধনোচিত ধামে গমন করিয়াছেন। তাঁহার স্বামী অল্প দিনের উপার্জ্জনের সম্পত্তি ও ছয়টি পুত্রের ভার বিধবার উপর দিয়া স্বর্গারোহণ করেন। কৈলাসকামিনী কলিকাতার বৈদ্যসমাজে সুপরিচিত ৺বেণীমাধব সেনের জ্যেষ্ঠা কন্যা। তিনি খুব বিদূষী না হইলেও স্বামী পরিত্যক্ত সম্পত্তি অক্ষুণ্ণ রাখিয়া তাহারই আয় হইতে ছয় পুত্রের মধ্যে চারিটী পুত্রের শিক্ষার ব্যবস্থা করিয়া প্রত্যেককে উপার্জ্জনক্ষম করিয়াছিলেন। উপর্য্যুপরি তিনটি পুত্রশোকে তিনি জীবন্মৃতা হইয়া দিনপাত করিতেছিলেন। তাঁহার ন-মধ্যম পুত্র শ্রীরাধাপ্রসাদ গুপ্ত মহাশয় বহরমপুরে জেল-সুপারিণ্টেণ্ডেণ্ট। কনিষ্ঠ পুত্র শ্রীগোবিন্দপ্রসাদ গুপ্ত জঙ্গিপুর হাই স্কুলের শিক্ষক। গোবিন্দ বাবুই মাতার সেবা শুশ্রূষার এবং ঔর্দ্ধদেহিক কার্য্য সম্পন্ন করিবার সৌভাগ্য লাভ করিয়াছেন। আমরা তাঁহার পুত্রগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার অক্ষয় স্বর্গ কামনা করি।

## নিলামের ইস্তাহার

### *চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত*
### *নিলামের দিন ১০ই আগষ্ট ১৯৫৩*

১৯৫১ সালের ডিক্রীজারী

৬৬৮ খাং ডিঃ রমণীরঞ্জন দাস দিং দেং নেজার সেথ দাবি ৩২৷৹ থানা সুতী মৌজে হিলোড়া ২।২ কাঠার কাত ৩৲ আঃ ১০৲ খং ২৪৯২।২৪৯১

১৯৫২ সালের ডিক্রীজারী

৬৮৯ খাং ডিঃ অমরেন্দ্রনাথ দাস দিং দেং গোলেরাস বিবি মৃতান্তে ওয়ারিশ রেজু সেথ দিং দাবি ২৭৷৶৩ থানা সুতী মৌজে হিলোড়া ৪ শতকের কাত ৷৹ আঃ ৫৲ খং ১৭৪৬

১৯৫৩ সালের ডিক্রীজারী

৩ খাং ডিঃ অষ্টবালা সরকার দিং দেং মিঞা সেথ দিং দাবি ৬৮৫৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মোমিনটোলা ৭৪ শতকের কাত ২০৲ আঃ ২০৲ খং ৯৭৬

### *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*
### *নিলামের দিন ১৭ই আগষ্ট ১৯৫৩*

১৯৫৩ সালের ডিক্রীজারী

১৩ স্বত্ব ডিঃ দিগম্বর চট্টোপাধ্যায় দেং জগদিন্দ্রনাথ চৌধুরী দিং দাবি ১২৮৵০ থানা সাগরদীঘি মৌজে খেরুর মধ্যে খং নং ৫১১ দাগ নং ২০৬২ পরিমাণ ২-৪৭ মধ্যে দেন্দারের অর্দ্ধাংশ নিষ্কর স্বত্ব আঃ ৫০৲

---

## নোটিশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, আমি বীরভূম জেলার অন্তর্গত কুণ্ডলা নিবাসী শ্রীগণপতি মুখোপাধ্যায় মহাশয় দিগরের নিকট সন ১৩৬০ সালের ২২শে আষাঢ় তারিখের রেজষ্ট্ররীযুক্ত বিক্রয় কবালামূলে মুর্শিদাবাদ জেলার ১১০নং ও ১১১নং ও ১৩২নং, ৩৩৯নং ও ২৩নং, ৪৩৪। ১৪।২২ ১২৯৪নং তৌজির মহালের তাঁহাদের অংশের নাখেরাজ জমি প্রজায় স্বত্বীয় খাস জমি ও মোকররী স্বত্বীয় খাস জমি ও যাহা নিম্পিবিরোল, জিনদীঘি, বন্দেশ্বর, বুঁদি, তাঁতিবিরোল, মাঠখাগড়া, সের মৌজা হায়ের মধ্যে আছে উহা সমস্তই খরিদ করিয়াছি।

শ্রীচন্দ্রনারায়ণ ঘোষাল,
সাং মণ্ডলপুর, ডিঃ রঘুনাথগঞ্জ।

*বিশ্বস্ত প্রতিষ্ঠান*

## চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

THE FIRST COURT OF MUNSIF AT JANGIPUR.

Money Execution Case No. 35 of 1953
Claim Rs. 43/6/9
Decree-holder—Sri Sripatinath Das
Judgment-debtor—Sri Priyasakhi Dasi
W/o Late Monohar Das.
Village Faridpur, P. O. Maheshail
Dist. Murshidabad.
Date of Sale 10. 8. 53


Touzi No. 366 separate account No. 2 of the Murshidabad Collectorate Taraf Maheshail P. S. Samserganj mahal Basudebpur and others, the entire right title and interest of the judgment-debtor being 8 gandas Zamindary Right Price approximately Rs. 100/- only.

By order of the Court
M. N. Roy,
Sharistadar, Munsif's Court,
Jangipur.

## অপেরীণ




ডাক্তার বি. এন. রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে না কো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে!
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ ( কলিকাতা ) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।




**দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত 'ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৸৹ টাকা ও মাশুলাদি ৮/৹ আনা।

সোল এজেণ্ট ঃ—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।